দৈনিক বাংলা

তারিখ 27 APR-1995
পৃষ্ঠা ৭ কলাম ২

03

## ব্যাংকে হিসাব খোলা নিয়ে জটিলতা ঃ ছাত্রীরা বৃত্তির টাকা তুলতে পারছে না

সংবাদদাতা ঃ নড়াইল। –অপ্রাপ্ত বয়স্কদের নামে হিসাব খোলার ব্যবস্থা না থাকায় ছাত্রী উপবৃত্তি প্রকল্পের কার্যক্রম ব্যাহত হচ্ছে।

জনতা ব্যাংক, লোহাগড়া শাখা অপ্রাপ্ত বয়স্কা ছাত্রীর নামে হিসাব খুলছে না। অপর দিকে উপবৃত্তি কার্যক্রমের নিয়ম হচ্ছে ছাত্রী তার নিজ হিসাবের মাধ্যমে ব্যাংক থেকে উপবৃত্তির টাকা উত্তোলন করবে। এই অবস্থায় কয়েক হাজার ছাত্রী, অভিভাবক ও সংশ্লিষ্ট উপবৃত্তি কর্তৃপক্ষ বিপাকে পড়েছে।